

দ্রাসার অসঙ্গতি দূর করতে বিশ বছর প্রয়োজন: ইবি অধ্যাপক

নিজস্ব সংবাদদাতা, ইবি

প্রকাশিত: ০২:৩৪, ১২ জুলাই ২০২৫



ছবি: সংগৃহীত

মাদ্রাসা শিক্ষাব্যবস্থার সকল অসঙ্গতি দূর করতে বর্তমান বোর্ড সংশ্লিষ্টদের কমপক্ষে বিশ বছর সময় প্রয়োজন — এমন মন্তব্য করেছেন ইসলামী বিশ্ববিদ্যালয়ের আরবি ভাষা ও সাহিত্য বিভাগের অধ্যাপক ড. কামরুজ্জামান।

×

শুক্রবার (১১ জুলাই) সামাজিক যোগাযোগমাধ্যমে এক স্ট্যাটাসে তিনি বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের পরিচালনা পর্ষদের সভা সম্পর্কে নিজের ১০টি অভিজ্ঞতা তুলে ধরেন। তিনি বর্তমানে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড পুনর্গঠনের লক্ষ্যে গঠিত কমিটির সদস্য হিসেবে কাজ করছেন।

স্ট্যাটাসে ড. কামরুজ্জামান লেখেন:

×

১. প্রকৃতপক্ষে মাদ্রাসার কার্যকর কোনো অভিভাবক নেই।
২. বোর্ডের সাথে সংশ্লিষ্ট বর্তমান ব্যক্তিবর্গ শুধুমাত্র মাদ্রাসার শুভাকাঙ্ক্ষী।
৩. বিগত দিনের সংশ্লিষ্টরা ছিল মাদ্রাসা ধ্বংসকারী।

৪. বোর্ড কর্তৃপক্ষ শুধুমাত্র মাদ্রাসা সংশ্লিষ্ট স্বার্থের সুপারিশ করতে পারেন, বাস্তবায়ন করতে পারেন না।
৫. মাদ্রাসা উন্নয়নের যেকোনো সুপারিশ বাস্তবায়নের দায়িত্ব বিভিন্ন দফতরের উপর ন্যস্ত, যার অনুমোদন বা বাতিল নির্ভর করে সংশ্লিষ্ট দফতরের ব্যক্তিদের মর্জির উপর।
৬. সব দফতরের সংশ্লিষ্টরা পজিটিভ হলে সেটার চূড়ান্ত অনুমোদন দেয় শিক্ষা মন্ত্রণালয়।
৭. কোনো সরকারি দফতরেই মাদ্রাসা দরদী কোনো মুসলিম নেই।
৮. হুজুরগণ এসব বিষয়ে কোনো খোঁজখবর রাখেন না।
৯. তারা মসজিদ ও মাদ্রাসায় বসে পকেট গরম করার পাশাপাশি রাজপথ গরম করছেন।
১০. মাদ্রাসার সকল অসঙ্গতি দূর করতে বর্তমান বোর্ড সংশ্লিষ্টদের কমপক্ষে বিশ বছর সময় লাগবে। এ জাতির কপালে কী আছে, আল্লাহই ভালো জানেন।

×

এই মন্তব্যগুলো সামাজিক মাধ্যমে আলোচনার জন্ম দিয়েছে। বিশেষ করে সরকারি দফতরে মাদ্রাসা দরদী মুসলিম নেই — এই বক্তব্য নিয়ে বিতর্ক তৈরি হতে পারে বলে ধারণা করা হচ্ছে।

